# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 11-03-2026** **Time: 1.40 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) সুপ্রিম কোর্ট দেশে এই প্রথম ইউথানসিয়া বা পরক্ষভাবে স্বেচ্ছা মৃত্যুর অনুমতি দিয়েছে।

২) আয়ুষ্মান ভারত প্রকল্প কেন এরাজ্যে চালু হচ্ছে না, সেই নিয়ে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি আগামীকাল শপথ নিচ্ছেন।

এদিকে প্রাক্তন রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ রাজ্য থেকে চলে যাওয়ার আগে এক খোলা চিঠিতে জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

৪) জলপাইগুড়ি স্টেশনে আজ হলদিবাড়ি থেকে বামনহাট ও বালুরঘাটের মধ্যে দুটি ট্রেনের উদ্বোধন করা হয়েছে।

৫) সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক যুবতীদের কর্ম সংস্থানের সুযোগ বাড়াতে রাজ্য সরকার নতুন একটি দক্ষতা উন্নয়ন কর্মসূচী চালু করেছে।

---------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্ট দেশে এই প্রথম ইউথানসিয়া বা পরোক্ষভাবে স্বেচ্ছা মৃত্যুর অনুমতি দিয়েছে। ৩২ বছরের এক ব্যক্তি ১২ বছরেরও বেশি সময় ধরে কৃত্রিম জীবন দায়ী ব্যবস্থার আওতায় কোমাচ্ছন্ন ছিলেন। হরিশ রানা নামে গাজিয়াবাদের বাসিন্দা পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ওই ছাত্র ২০১৩-য় পাঁচতলা থেকে পড়ে যান। মাথায় গুরুতর চোট পাওয়ার পর অনেক চিকিৎসা করেও তাকে নিরাময় করা যায়নি। দুই বিচারপতি জে পার্দিওয়ালা ও কে বি বিশ্বনাথনের বেঞ্চ, দিল্লি এইমস্ কর্তৃপক্ষকে রানার জন্য প্যালিয়েটিভ কেয়ার বা উপশমকারী চিকিৎসার বন্দোবস্ত করতে বলেছেন। যাতে ধীরে ধীরে তার ডাক্তারি চিকিৎসা ব্যবস্থা বন্ধ করে দেওয়া সম্ভব হয় এবং তিনি নিষ্কৃতি মৃত্যু বরণ করে নিতে পারেন।

এর আগে রানার পরিবারের রিট পিটিশন শোনার পর শীর্ষ আদালত ওই ব্যক্তির বাবা-মায়ের সঙ্গে সাক্ষাৎ করতে চায়। এইমস দিল্লির চিকিৎসকরা রানার মেডিকেল রিপোর্টকে অত্যন্ত দুঃখজনক বলে উল্লেখ করেছিল। রোগীর পরিস্থিতি বিবেচনা করে মেডিকেল বোর্ড প্রাথমিকভাবে জানায় তার সুস্থতার আশা নূন্যতম রয়েছে। গত ডিসেম্বরে বোর্ড জানায় ওই ব্যক্তির অবস্থা অত্যন্ত সংকটজনক। এরপরই ২০২৩-এর শীর্ষ আদালতের নির্দেশিকা মেনে মেডিকেল বোর্ড কৃত্রিম জীবনদায়ী ব্যবস্থা খুলে নেওয়ার পরামর্শ দেয়।

--------------------

আয়ুষ্মাণ ভারত প্রকল্প কেন এ রাজ্যে চালু হচ্ছে না সেই নিয়ে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। ৪ সপ্তাহের মধ্যে রাজ্যকে তা হলফনামা দিয়ে জানাতে হবে বলে নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি

পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ। ২ সপ্তাহের মধ্যে জবাবি হলফনামা দিয়ে পালটা বক্তব্য জানাতে পারবেন আবেদনকারী বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

রাজ্য এর তরফে আজ আদালতে জানানো হয় এ বিষয়ে বক্তব্য জানাতে সময় দিতে হবে। সেই মতই আদালত চার সপ্তাহ সময় দিয়েছে।

উল্লেখ্য, শমীক ভট্টাচার্য এই মামলায় আর্জি জানিয়েছিলেন যে, ভারত সরকারের এই জনমুখী প্রকল্পের সুবিধে দেশের অন্যান্য রাজ্যের মানুষ পেলেও পশ্চিমবঙ্গের মানুষ তা থেকে বঞ্চিত। রাজ্য ২০১৮-র ২৩ সেপ্টেম্বর মৌ সাক্ষর করে, কিন্তু ২০১৯ সালে তা তুলে নেয়। ফলে এ রাজ্যের মানুষ এই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।

--------------------

SIR মামলায় গতকাল শীর্ষ আদালতের নির্দেশের পর আজ সকালে এ বিষয়ে ফের এক দফা বৈঠক করলেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। ভার্চুয়াল মাধ্যমে বিচারপতি অরিজিৎ ব্যানার্জি কে সঙ্গে নিয়ে জুডিশিয়াল অফিসারদের সঙ্গে ওই বৈঠক করেন প্রধান বিচারপতি। সুত্রের খবর , বিচারবিভাগীয় আধিকারিকদের প্রধান বিচারপতি, লজিক্যাল ডিসক্রিপেন্সির কাজ স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রেখে যাতে করা হয়,সেই ব্যাপারে নজর রাখার বার্তা দেন। একজনও বৈধ ভোটারের নাম যাতে বাদ না যায় তা সুনিশ্চিত করতে হবে বলেও বিচারপতি নির্দেশ দিয়েছেন।

--------------------

এদিকে, রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় বিচারাধীন তালিকায় থাকা কোনও নাম, বিচারকরা খারিজ করে দিলে, তা পুনর্বিবেচনার আবেদন জানাতে বিশেষ অ্যাপিলেট

ট্রাইব্যুনাল গঠনের জন্য কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এবং অন্য বিচারপতিদের নিয়ে এই ট্রাইব্যুনাল গঠন করতে হবে বলে প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে। এব্যাপারে বিজ্ঞপ্তি জারি করবে নির্বাচন কমিশন। একই সঙ্গে এসংক্রান্ত সমস্ত খরচ নির্বাচন কমিশনকেই বহন করতে হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চে গতকাল এস আই আর নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলার সঙ্গেই রাজ্যের তরফে এর আগে পেশ করা আরো একটি আবেদনের শুনানিতে রাজ্য সরকার এবং নির্বাচন কমিশনকে, বিচারবিভাগীয় আধিকারিকদের সবরকম সহযোগিতা করার নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট।

--------------------

রাজ্যে ক'দফায় নির্বাচন হবে, তা রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কতটা প্রস্তুত, তার ওপর নির্ভর করবে করবে বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার স্পষ্ট জানিয়েছেন। দু'দিনের রাজ্য সফর শেষে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ গতকাল কলকাতায় সাংবাদিক বৈঠক করেন। সেখানে জ্ঞানেশ কুমার বলেন, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন অনুযায়ী এস আই আর প্রক্রিয়া চালানো হয়েছে, এবং এই প্রক্রিয়ার লক্ষ্য হলো – প্রত্যেক বৈধ নাগরিকের ভোটাধিকার সুনিশ্চিত করা এবং ভোটার তালিকায় স্বচ্ছতা আনা।

--------------------

মুর্শিদাবাদের ১১ লক্ষ বিবেচনাধীন ভোটারের নথি যাচাইয়ের কাজ দ্রুত সারতে আরও ৭০ জন নিযুক্ত হয়েছেন, জেলার ২২ টি বিধানসভার যাচাইয়ের কাজ এতদিন

২৮ জন বিচারক করছিলেন। ফলে দৈনিক যাচাইয়ের অগ্রগতি সন্তোষজনক ছিলোনা। এই পরিস্থিতিতে গতকাল অতিরিক্ত ৭০ জন বিচারককে নথি যাচাইয়ে কাজে লাগানো হলো। ২-১ দিনের মধ্যেই তারা কাজ শুরুবেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

--------------------

বিধানসভা নির্বাচনের আগে পূর্ব বর্ধমানের পূর্বস্থলী উত্তর বিধানসভার কালেখাঁতলা ১ পঞ্চায়েতের ফলেয়া গ্রামের তিনটি পরিবার, সিএএ শংসাপত্র পেলেন। এই ঘটনায় স্বস্তি প্রকাশ করে তাঁরা বলেন, ধর্মীয় অত্যাচারের কারণে দেশ ছাড়তে বাধ্য হয়ে ২০০৫-এ তারা ভারতে আসেন।

২০২৫ সালের অক্টোবে সিএএ-র জন্য আবেদন করেন। মাস চারেক পর ইমেল মরফত নাগরিকত্বের শংসাপত্র ইমেলেপান। স্থানীয় বিজেপি নেতা বেচারাম দাস জানিয়েছেন, এই এলাকার প্রায় দেড় হাজার মানুষ সিএএর জন্য আবেদন করেছেন। ইতিমধ্যে শংসাপত্র আসতে শুরু করেছে। কয়েক সপ্তাহের মধ্যে বাকিরাও তা পেয়ে যাবে বলে তিনি আশপ্রকাশ করেন।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। আজ শুনবেন দ্বিতীয় পর্ব। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি আগামীকাল শপথ নেবেন। লোক ভবনে এক অনুষ্ঠানে তাঁকে শপথ বাক্য পাঠ করাবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, তাঁর মন্ত্রিসভার সদস্যরা, রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিশিষ্ট ব্যক্তিদের শপথ গ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে।

শ্রী রবি আজ সন্ধ্যাতেই চেন্নাই থেকে দিল্লি হয়ে কলকাতায় আসছেন বলে সরকারি সূত্রে খবর।

এদিকে প্রাক্তন রাজ্যপাল সি ভি আনন্দ বোস, দু-দিন আলিপুরে রাজ্য অতিথিশালায় কাটিয়ে আজ রাজ্য থেকে বিদায় নিয়েছেন। বিদায়ের আগে রাজ্যবাসীর উদ্দেশ এক খোলা চিঠি দিয়েছেন তিনি। সেখানে রাজ্যের মানুষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে প্রাক্তন রাজ্যপাল বলেন, যতদিন তিনি এরাজ্যে ছিলেন, ততদিন এখানকার মানুষের যে ভালোবাসা ও সহমর্মিতা পেয়েছেন, তা চিরকাল মনে রাখবেন।

--------------------

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষমতা হারানোর ভয়ে ভুগছেন বলে বিহারের উপমুখ্যমন্ত্রী বিজয় কুমার সিনহা মন্তব্য করেছেন। তিনি আজ দমদম বিমানবন্দরে সাংবাদিকদের বলেন, রাষ্ট্রপতি, রাজ্যপাল ও নির্বাচন কমিশনারের মত সাংবিধানিক পদে থাকা ব্যক্তিকে মুখ্যমন্ত্রী অপমান করেছেন। বাংলার মানুষ এর যোগ্য জবাব দেবেন। মানুষ এই সরকার থেকে মুক্তি চাইছেন।

বাইট

দেশের মাটিতে বহিরাগতের অনুপ্রবেশ কোনোরকমভাবে বরদাস্ত করা হবে না বলেও বিহারের উপমুখ্যমন্ত্রী স্পষ্ট জানান।

--------------------

জলপাইগুড়ি স্টেশন থেকে হলদিবাড়ি - বামনহাট এবং হলদিবাড়ি - বালুরঘাট দুটি ট্রেনের উদ্বোধন করা হয়েছে। জলপাইগুড়ির বিজেপি সাংসদ জয়ন্ত রায়, বিধায়ক শিখা চ্যাটার্জি এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ছিলেন রেলের উচ্চপদস্থ আধিকারিকরা।

পরে জয়ন্তবাবু বলেন, এই ট্রেন দুটি ছোট ব্যবসায়ী, শাক সবজি ব্যবসা র সঙ্গে যুক্ত কৃষক ও ব্যবসায়ী দের প্রয়োজনীয় পণ্য চলাচলে সাহায্য করবে। উপকৃত হবেন সাধারণ মানুষও।

বাইট

হলদিবাড়ি থেকে বামনহাটগামী ট্রেনটি ছাড়বে ভোর পৌনে পাঁচটায়। বামনহাট পৌঁছবে দুপুর পৌনে দুটোয়। অন্যদিকে, বামনহাট থেকে ট্রেন সকাল সাড়ে নয়টায় ছেড়ে হলদিবাড়ি পৌঁছবে রাত নটা ১৫ মিনিটে।

অন্যদিকে, হলদিবাড়ি থেকে বালুরঘাটগামী ট্রেনটি ছাড়বে সকাল ৫ টা ১৫ মিনিটে। বালুরঘাট পৌঁছবে বিকেল ৩ টে ১০ মিনিটে। বালুরঘাট থেকে ছাড়বে দুপুর ১২ টা ১৫ মিনিটে। হলদিবাড়ি পৌঁছবে রাত ১০ টা।

--------------------

সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ বাড়াতে রাজ্য সরকার নতুন একটি দক্ষতা উন্নয়ন কর্মসূচি চালু করেছে। এর আওতায় ইংরেজি স্টেনোগ্রাফি ও কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রশিক্ষণের মাধ্যমে  সরকারি ও বেসরকারি চাকরির পরীক্ষায়

অংশগ্রহণের জন্য তাঁদের প্রস্তুত করা হবে বলে রাজ্য সংখ্যালঘু উন্নয়ন দপ্তর সূত্রে জানা গেছে।

পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম এই কর্মসূচি বাস্তবায়ন করবে । ইতিমধ্যে সংস্থার পক্ষ থেকে রাজ্যজুড়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।

সরকারি সূত্রে জানা গিয়েছে, প্রাথমিক পর্যায়ে প্রায় ২৫০ জন প্রার্থীকে এই প্রশিক্ষণের আওতায় আনা হবে। প্রশিক্ষণের মাধ্যমে ইংরেজি শর্টহ্যান্ড, টাইপিং এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন শেখানো হবে। কলকাতার পাশাপাশি রাজ্যের বিভিন্ন জেলায় এই প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত হবে, যাতে বিভিন্ন জেলার প্রার্থীরাও অংশ নিতে পারেন।

-------------------

উত্তর ২৪ পরগনার গাইঘাটার এক যুবক পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির মধ্যেই হরমুজ প্রণালীর কাছে ইরানের বন্দর আব্বাস এলাকায় মাঝ সমুদ্রে একটি জাহাজে আটকে পড়েছেন। ঐ এলাকায় বোমা বর্ষণ ও লড়াই আরও তীব্র হওয়ার খবরে গৌতম দেবনাথ নামে বকচারা গ্রামের ঐ বাসিন্দার পরিবার উদ্বেগ ও আশঙ্কায় দিন কাটাচ্ছে। তাকে নিরাপদে দেশে ফিরিয়ে আনার জন্য তারা প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেছে।

-------------------

উত্তর ২৪ পরগণার চিলকা গ্রামে বিশু শেখ নামে এক ব্যক্তির বাড়ি থেকে পুলিশ ১৮ টি গ্যাস সিলিন্ডার উদ্ধার করেছে। এর মধ্যে ১৭ টিই খালি ও একটি ভর্তি গ্যাস

সিলিন্ডার। পুলিশ বিশু শেখকে গ্রেপ্তার করেছে। তাকে আজ বনগাঁ আদালতে তোলা হবে। এই রান্নার গ্যাস অটোতে ব্যবহার করা হত বলে জানা গেছে।

-------------------- --------------------